

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৫৭

১/ বিবিধ

আরবী

علي إمام البررة، وقاتل الفجرة، منصور من نصره، مخذول من خذله موضوع

أخرجه الحاكم (3 / 129) والخطيب (4 / 219) من طريق أحمد بن عبد الله بن يزيد الحراني، حدثنا عبد الرزاق، حدثنا سفيان الثوري عن عبد الله بن عثمان بن خثيم عن عبد الرحمن بن عثمان قال: سمعت جابر بن عبد الله يقول: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: ... فذكره، وقال: صحيح الإسناد، وتعقبه الذهبي بقوله: قلت: بل والله موضوع، وأحمد كذاب، فما أجهلك على سعة معرفتك قلت: وفي " الميزان ": قال ابن عدي: يضع الحديث، ثم ساق له هذا الحديث، وقال الخطيب: هو أنكر ما روى

বাংলা

৩৫৭। আলী হচ্ছে নেককারদের ইমাম, পাপাচারদের হত্যাকারী, যে তাকে সাহায্য করবে সে সাহায্যপ্রাপ্ত আর যে তাকে অপমান করবে সে অপমানিত।

হাদীসটি জাল।

এটি হাকিম (৩/১২৯) এবং আল-খাতীব (৪/২১৯) আহমাদ ইবনু আবদিল্লাহ ইবনে ইয়াযীদ হাররানী সূত্রে ... বর্ণনা করে বলেছেনঃ সন্দটি সহীহ। যাহাবী তার সমালোচনা করে বলেছেনঃ আল্লাহর কসম! এটি জাল (বানোয়াট)। এ আহমাদ ইবনু আবদিল্লাহ মিথ্যুক।



আমি (আলবানী) বলছিঃ "আল-মীযান" গ্রন্থে এসেছে, ইবনু আদী তার সম্পর্কে বলেনঃ তিনি হাদীস জাল করতেন। অতঃপর তার এ হাদীসটি উল্লেখ করেছেন।

খাতীব বাগদাদী বলেনঃ তিনি যা কিছু বর্ণনা করেছেন এটি তার মধ্যে সর্বাপেক্ষা বেশী মুনকার।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন